

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
ভাঙ্গা, ফরিদপুর।
bhangaudwao@gmail.com

‘শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা’।


স্মারক নং-৩২.০১.২৯১০.০০০.৩১.০৬৪.২২- ৯৬

তারিখঃ ০৭/০৩/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ ‘মা ও শিশু সহায়তা তহবিল’ কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ হতে অনলাইনে প্রাথমিক সুপারিশকৃত তালিকা দাখিল (Submit) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই/২০২২ খ্রিঃ হতে সারাদেশে ‘মা ও শিশু সহায়তা কর্মসূচি’ চালু হয়েছে। জন্মহার, দারিদ্রতা এবং পুষ্টি সূচকের উপর ভিত্তি করে ইউনিয়ন ওয়ারি ভাতাভোগীর সংখ্যা বিভাজন করা হয়েছে। সে লক্ষে অত্র উপজেলার অন্তর্গত ইউনিয়নের বিপরীতে মবিঅ সদর কার্যালয় হতে প্রতিমাসে () জন ভাতাভোগী নির্বাচনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে ফেব্রুয়ারী- ২০২৩ খ্রিঃ পর্যন্ত অনলাইনে ভাতাভোগী নির্বাচন কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা ২০২২ এর ৫.১ অনুচ্ছেদের উপানুচ্ছেদ-৫.১.২ এর আলোকে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদন হতে ইউনিয়ন পরিষদ কমিটির সংশ্লিষ্ট মহিলা সদস্য, স্বাস্থ্য কর্মী ও নারী উন্নয়ন কর্মীর মাধ্যমে আবেদন যাচাই-বাছাই করে প্রাথমিক সুপারিশের তালিকাটি অনলাইনে তাদের সুপারিশ উপস্থাপন করবেন মর্মে উল্লেখ রয়েছে।

উপরোল্লিখিত বিষয়াদি বিবেচনায় নিয়ে মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা অনুসরণ পূর্বক আপনার ইউনিয়ন হতে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে যোগ্য মহিলাদের অনলাইনে সংশ্লিষ্ট MIS Software এর মাধ্যমে পুরণকৃত আবেদনের হার্ড কপি ও সফট কপি সংশ্লিষ্ট কমিটির কার্যবিবরণীসহ (প্রাথমিক সুপারিশের তালিকাটি) দাখিল (Submit) করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিক সুপারিশকৃত তালিকা অনলাইনের মাধ্যমে দাখিল করতে ব্যর্থ হলে অথবা ভাতাভোগী নির্বাচন কার্যক্রমে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে উপজেলা কমিটি তার দায়ভার গ্রহণ করবেননা।


আজম উদ্দিন

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

‘মা ও শিশু সহায়তা তহবিল’ কর্মসূচির
ভাতাভোগী নির্বাচন সংক্রান্ত উপজেলা কমিটি,
ভাঙ্গা, ফরিদপুর।

চেয়ারম্যান,

..... ইউনিয়ন পরিষদ,

ভাঙ্গা, ফরিদপুর।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর।
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
- ০৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভাঙ্গা, ফরিদপুর।
- ০৫। অফিস নথি।